নবোদয় বিদ্যালয় সমিতি

জওহর নবোদয় বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণী নির্বাচন পরীক্ষার বিবরণী-২০১৯

নবোদয় বিদ্যালয়ের পরিকল্পনা

পরিচয় ঃ

১৯৮৬ সনের জাতীয় শিক্ষানীতি অনুসারে কেন্দ্রীয় সরকার জওহর নবোদয় বিদ্যালয় স্থাপন করে। দেশের ২৮টি রাজ্য ও ৭টি কেন্দ্রশাসিত অঞ্চলে বর্তমানে জওহর নবোদয় বিদ্যালয় চালু আছে। এইসব বিদ্যালয় সহ-শিক্ষামূলক ও আবাসিক। নবোদয় বিদ্যালয় সমিতি নামক স্বয়ংশাসিত সংস্থার মাধ্যমে কেন্দ্রীয় সরকার এই বিদ্যালয় গুলির ব্যয় ভার বহন করে। জওহর নবোদয় বিদ্যালয়ের নির্বাচন (JNVST) পরীক্ষার পর সফল ছাত্র-ছাত্রীদের ষষ্ঠ শ্রেণীতে ভর্তি করা হয়। অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষার মাধ্যম মাতৃভাষা অথবা আঞ্চলিক ভাষা এবং তারপর থেকে গণিত ও বিজ্ঞানের শিক্ষাদান ইংরাজীতে হবে এবং সমাজ বিজ্ঞান বিষয় গুলির মাধ্যম হবে হিন্দী। দশম ও দ্বাদশ শ্রেণীর পরীক্ষা হবে কেন্দ্রীয় মধ্য শিক্ষা পর্ষদের (CBSE) অধীনে। যদিও নবোদয় বিদ্যালয়ে থাকা, খাওয়া, ইউনিফর্ম সহ বিনামূল্যে শিক্ষাদান করা হয়। শুধু নবম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ছাত্রদের জন্য মাসে নুন্যতম ৬০০ টাকা ফি ধার্য করা হয়েছে। অবশ্য ছাত্রীরা এবং তফশীলি জাতি /উপজাতি / প্রতিবন্ধী এবং দারিদ্র্য সীমার নীচে থাকা ছাত্ররা এই ফি এর আওতার বাইরে থাকবে। যে সকল শিক্ষার্থীর আভিভাবক সরকারী চাকরী করেন তাদের ক্ষেত্রে মাসিক ফি ধার্য করা হয়েছে ১৫০০ টাকা।

১.১ নবোদয় শিক্ষা পদ্ধতির উদ্দেশ্য ঃ

(১) গ্রামীণ প্রতিভা সম্পন্ন ছাত্রছাত্রীদের সাংস্কৃতিক মূল্যবোধ এবং পরিবেশের প্রতি জাগরুকতা, অ্যাডভেঞ্চার মূলক কার্য এবং শারীরিক শিক্ষাসহ এক উচ্চমানের শিক্ষাদান।

(২) তিনটি ভাষায় ছাত্রছাত্রীদের মোটামুটিভাবে দক্ষ করে তোলা।

(৩) হিন্দী ভাষী ও অহিন্দী ভাষী রাজ্যের মধ্যে ছাত্রছাত্রীদের আদান প্রদানের মাধ্যমে জাতীয় সংহতির বিকাশ।

(৪) দিক্ নির্ণয়কারী শিক্ষা ব্যবস্থার কেন্দ্র হিসাবে জেলাস্তরে উচ্চমান স্থাপন, অভিজ্ঞতা এবং সুবিধার অংশদারীত্বের দ্বারা উৎকার্যতার বিকাশ।

১.২ বিভিন্ন রাজ্যে জওহর নবোদয় বিদ্যালয় ঃ

নবোদয় বিদ্যালয়ের পরিকল্পনা হলো ক্রমপর্যায়ে প্রতিটি জেলাতে একটি করে বিদ্যালয় স্থাপন। বর্তমানে সারা দেশে ২৮টি রাজ্যে ও ৭টি কেন্দ্রশাসিত অঞ্চলে রয়েছে ৬৬১ টি নবোদয় বিদ্যালয়। এগুলির মধ্যে ৬২৯ টি কার্যকর। দেশের বিভিন্ন রাজ্যে নবোদয় বিদ্যালয়গুলির বর্তমান তালিকা নীচে দেওয়া হলো।

অন্ধ্রপ্রদেশ	১৩+২**	ছত্তিশগড়	২৭+১**	হিমাচল প্রদেশ	১২	মহারাষ্ট্র	৩৩+১**	পন্ডিচেরী	০৪
আসাম	২৭+১**	দিল্লী	০৯	জম্মু ও কাশ্মীর	২২+১	মণিপুর	০৯+২**	রাজস্থান	৩৩+২**
অরুণাচল প্রদেশ	১৮	দমন ও দিউ	০২	ঝাড়খন্ড	২৪+২	মেঘালয়	১১+১**	সিকিম	০৪
আন্দমান ও নিকোবার দ্বীপপুঞ্জ	০৩	দাদর ও নগর হাবেলী	০১	কর্ণাটক	৩০+১	মিজোরাম	০৮	ত্রিপুরা	০৮
তেলেঙ্গানা	০৯	গোয়া	০২	কেরালা	১৪	নাগাল্যান্ড	১১	উত্তর প্রদেশ	৭৫+১**
বিহার	৩৮+১**	গুজরাট	৩৩+১**	লাক্ষাদ্বীপ	০১	ওড়িষ্যা	৩০+১**	উত্তরাখন্ড	১৩
চন্ডীগড়	০১	হরিয়ানা	২১	মধ্যপ্রদেশ	৫১+২**+১*	পাঞ্জাব	২২+১**	পশ্চিমবঙ্গ	১৯+১**

** তপসিলি জাতি, উপজাতি প্রবন অঞ্চলে অতিরিক্ত JNV স্থাপনের আনুমোদন দেওয়া হয়েছে । মোট ঃ৬৩৮+২২**+১*=৬৬১

*অতিরিক্ত বিশেষ জওহর নবোদয় বিদ্যালয়. ।

যোগ্য প্রার্থী পাওয়া সাপেক্ষে আধিকতম ৮০ জন ছাত্র-ছাত্রীকে নবোদয় বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণীতে ভর্তি করা হয় । প্রয়োজনীয় থাকার বাবস্থা না হলে ছাত্রের ভর্তি সংখ্যা ৪০ জনও হতে পারে। এই অধিকার নবোদয় বিদ্যালয় সমিতিকে দেওয়া হয়েছে। এছাড়াও বিদ্যালয়ে ছাত্র - ছাত্রীদের থাকার পর্যাপ্ত ব্যবস্থা না থাকলে ফলাফল স্থগিত, ভর্তি প্রক্রিয়া স্থগিত,অতিরিক্ত চয়ন পরীক্ষা স্থগিত হতে পারে।

১.৩ জওহর নবোদয় বিদ্যালয়ের নির্বাচন পরীক্ষা ২০১৯

২০১৯-২০ শিক্ষাবর্ষে ষষ্ঠ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের নির্বাচন পরীক্ষা সমগ্র ভারতে একই দিনে অনুষ্ঠিত হবে। দিনটি হল **০৬ই এপ্রিল ২০১৯** শনিবার সকাল ১১ঃ৩০ মিনিট। ONLINE – এ আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ **৩০ শে নভেম্বর ২০১৮** । **জওহর নবোদয় বিদ্যালয়ের নির্বাচন পরীক্ষার জন্য কি ভাবে আবেদন করবেন :**

২.১ জওহর নবোদয় বিদ্যালয়ের নির্বাচন পরীক্ষা ২০১৯ ,আবেদন করার পদ্ধতি :

ক) সম্পূর্ণ বিনামুল্যে অনলাইনে সহজ পদ্ধতিতে নবোদয় বিদ্যালয়ে ষষ্ঠশ্রেণীতে ভর্তির জন্য আবেদন করতে পারবেন নবোদয় বিদ্যালয় সমিতির website এর admmision portal এ । website টি হল www.navodaya.gov.in । নির্দিষ্ট পদ্ধতিতে পরীক্ষায় নির্বাচিত ছাত্রছাত্রীদের, বাসস্থান, বয়স, ও অন্যান্য কাগজপত্র পরীক্ষা করা হবে।

খ) পরীক্ষার জন্য যোগ্য প্রাথীরা পঞ্চম শ্রেণীতে পাঠরত বিদ্যালয়ের প্রধান শিক্ষকের দ্বারা পূরণ করা একটি প্রমাণপত্র (certificate) প্রাথী এবং অভিভাবকের স্বাক্ষর সহ upload করতে হবে অনলাইনে ।পরীক্ষার্থীকে নিজের ছবি, স্বাক্ষর, এবং অভিভাবকের স্বাক্ষর upload করতে হবে অনলাইনে। upload হবে jpg format –এ যার মাপ হবে 10-100 kb.

গ) পরীক্ষার্থী যদি মুক্তবিদ্যালয়ে পড়াশুনো করে (NIOS) তবে তাকে 'b'certificate জমা দিতে হবে। এবং পরীক্ষার্থী যে জেলায় আবেদন করছে মুক্তবিদ্যালয়ে সেই জেলাতেই ভর্তি হতে হবে।

ঘ) পরীক্ষার জন্য ফর্মফিলাপ যে কোন মোবাইল, কম্পিউটার, ল্যাপটপ থেকে সম্পূর্ণ বিনামুল্যে করা যাবে।

ঙ) প্রতিটি জওহর নবোদয় বিদ্যালয়ে প্রাথী ও অভিভাবকদের বিনামুল্যে ষষ্ঠ শ্রেণীতে ভর্তির আবেদনের জন্য সহায়তা কেন্দ্র খোলা হয়েছে।সহায়তা কেন্দ্রগুলিতে ছাত্র - ছাত্রীদের নাম নথিভুক্ত করণের জন্য অভিভাবকগণকে হেড মাস্টারের সই করা প্রমাণপত্র, পাসপোর্ট ছবি এবং বৈধ মোবাইল নম্বর সাথে নিয়ে যেতে হবে।

২.২ প্রবেশ পত্র পাওয়ার উপায় :

প্রবেশ পত্র (admit card) পাওয়া যাবে নির্ধারিত website এ ডাউনলোড করে।
০১লা মার্চ ২০১৯ থেকে পরীক্ষার্থীরা বিনামূল্যে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবে ।

২.৩ নির্বাচন পরীক্ষার ফলাফল :

জওহর নবোদয় বিদ্যালয়ের নির্বাচন পরীক্ষা ২০১৯ এর ফলাফল সম্ভবত মে মাসের শেষ সপ্তাহে ঘোষাণা করা হবে। নিম্নোক্ত অফিস গুলিতে ফলাফল পাওয়া যাবে।

১. জওহর নবোদয় বিদ্যালয় **২.**জেলা শিক্ষাআধিকারিক, **৩.** জেলা শাসক **৪.**উপঅধিকর্তা নবোদয় বিদ্যালয় সমিতির আঞ্চলিক কার্যালয়।
৫. নির্বাচিত প্রার্থীকে জওহর নবোদয় বিদ্যালয়ের অধ্যক্ষ রেজিষ্টি চিঠি বা বৈধ মোবাইলে এস.এম.এসের দ্বারা জানাতে পারেন।
এছাড়াও ফলাফল সমিতির ওয়েব সাইট http://www.navodaya. gov in এও পাওয়া যাবে। পরীক্ষার্থীরা সমিতির admmision portal এ ফলাফল দেখতে পাবে।

প্রার্থী নির্বাচন ও ভর্তি :

৩.ক) নির্বাচন পরীক্ষায় উত্তীর্ণ হলেই কোনো প্রার্থী সরাসরি জওহর নবোদয় বিদ্যালয়ে ভর্তির সুযোগ পাবে না। পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী নবোদয় বিদ্যালয় সমিতির দ্বারা নির্ধারিত বয়ানে সমস্ত সার্টিফিকেট দাখিল করার পরই তাকে ভর্তি করা হবে। পরীক্ষার্থীদের বলা হচ্ছে জওহর নবোদয় বিদ্যালয় দ্বারা ভর্তির সমস্ত কাগজপত্র বৈধ বলে ঘোষণা করার পরেই তারা যেন তাদের পাঠরত বিদ্যালয়ে টিসির জন্য আবেদন করে।

৩.খ) কোনো মতানৈক্য বা বির্তকের ব্যাপারে নবোদয় বিদ্যালয় সমিতির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং পরীক্ষার্থী তা মানতে বাধ্য থাকবে।

৩.গ) সফল অথবা অসফল কোনো পরীক্ষার্থীকেই পরীক্ষায় তার প্রাপ্ত নম্বর জানানো হবে না।

৩.ঘ) নির্বাচন পরীক্ষার ফলাফলের কোনো পুর্ণমূল্যায়ন হবে না। যেহেতু যথেষ্ট দায়িত্ব ও যত্ন সহকারে কম্পিউটার দ্বারা পরীক্ষার ফলাফল নির্ধারণ করা হয়, প্রাপ্ত নম্বরের যোগফল মিলিয়ে দেখার কোনো অনুরোধ ও গ্রাহ্য হবে না।

৩.ঙ) প্রার্থী ও তার বাবা - মা বা অভিভাবকের জানা দরকার যে জওহর নবোদয় বিদ্যালয় নিয়ম অনুযায়ী বিদ্যালয়ের ছাত্র - ছাত্রীরা যখন নবম শ্রেণীতে উঠবে তখন তাদের অহিন্দী ভাষী অঞ্চল থেকে হিন্দী ভাষী অঞ্চলে পাঠানো হতে পারে। নবোদয় বিদ্যালয়ে পড়তে আসা ছাত্র - ছাত্রীদের এ ব্যাপারে প্রস্তুত থাকতে হবে। যদি কোনো ছাত্র / ছাত্রী স্থান পরিবর্তনে অসম্মতি প্রকাশ করে তাহলে তারা নবোদয়ে শিক্ষা গ্রহণ করতে পারবে না।

৩.চ) প্রার্থী এবং অভিভাবকের জানা দরকার যে জেলা থেকে প্রার্থী নির্বাচন পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সেই জেলার-ই বিদ্যালয়ে ভর্তি হতে হবে। উত্তীর্ণ প্রার্থীকে অন্য কোনো জওহর নবোদয় বিদ্যালয়ে নেওয়া হবে না এবং স্থানান্তরের কারণে ছাত্র / ছাত্রীরা অন্য জওহর নবোদয় বিদ্যালয়ে এ স্থানান্তরের কোনো প্রকার অনুরোধ গ্রহণ করা হবে না। এ ব্যাপারে জওহর নবোদয় বিদ্যালয় সিদ্ধান্ত নেওয়ার আধিকারী ।

৩.ছ) তফশীলি জাতি ,উপজাতি নির্বাচত প্রার্থীদের ভর্তির সময়ে তাদের প্রমাণ পত্র দাখিল করতে হবে । উপযুক্ত আধিকারিক থেকে এই সব প্রমাণ পত্র সংগ্রহ করে দাখিল করতে হবে ।২০১৯-২০ শিক্ষাবর্ষে তফশীলি জাতি ,উপজাতি নির্বাচত প্রার্থীদের ভর্তির সময়ে তাদের প্রমাণ পত্র দাখিলের জন্য কর্তৃপক্ষের কাছে ১৫ই এপ্রিল ২০১৯ এর মধ্যে আবেদন করতে হবে।

৩.জ) গ্রামীণ এলাকায় উত্তীণ প্রার্থীকে ভর্তির সময়ে এই প্রমাণ পত্র জমা করতে হবে, যে বিদ্যালয়ে তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণীতে পড়াশুনো করেছে সেটি গ্রামে অবস্থিত ।

৩.ঝ) যারা প্রতিবন্ধী (শারীরিক , দৃষ্টিহীন , বধির)ভর্তির জন্য নির্বাচত হলে তাদের নিজ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের দ্বারা প্রতিবন্ধী প্রমাণ পত্র সংগ্রহ করে ভর্তির সময়ে দাখিল করতে হবে ।

৩.ঞ) যারা অন্য লিঙ্গের প্রার্থী তারা যে জেলায় পঞ্চম শ্রেণীতে পড়াশুনো করছে সেখান থেকেই আবেদন করবে। পরীক্ষায় উত্তীণ প্রার্থী তার লিঙ্গের সপক্ষে রাজ্যসরকার দ্বারা প্রদত্ত সংশাপত্র জমা করবে। অন্য লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে আলাদা কোনো সংরক্ষণ নেই।

ভর্তির যোগ্যতা :

সমস্ত শ্রেণীর প্রার্থীর জন্য :

৪.ক) ২০১৮-১৯ শিক্ষাবর্ষে পঞ্চম শ্রেণিতে পাঠরত প্রার্থীরা কোনো জেলার জওহর নবোদয় বিদ্যালয়ে ভর্তির জন্য কেবল সেই জেলার প্রার্থীরাই বিবেচিত হবে।

৪.খ) প্রার্থীর জন্ম তারিখ অবশ্যই ০১-০৫-২০০৬ সনের আগে অথবা ৩০-০৪-২০১০ এর পরে হবে না। তফশীলি জাতি, উপজাতি প্রার্থীদের জন্যও একই বয়সের নিয়ম প্রযোজ্য হবে। যদি প্রার্থীর বয়স সন্দেহযুক্ত হয় তা হলে প্রার্থীকে বয়স নির্ধারনের জন্য মেডিকল বোর্ডে পাঠানো হবে। মেডিকল বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত হলে গণ্য হবে ।

৪.গ) আবেদনকারী প্রার্থী তার নিজের জেলাতে সরকারী, সরকারী সাহায্য প্রাপ্ত বা স্বীকৃত বিদ্যালয়ে অথবা সর্বশিক্ষা অভিযান পরিকল্পনার অধীনে থাকা বিদ্যালয়ে আথবা জাতীয় মুক্ত বিদ্যালয় প্রতিষ্ঠানের (**'B'**যোগত্যার পাঠ্যক্রমের প্রশংসা পত্র প্রাপ্ত) পঞ্চম শ্রেণীতে ২০১৮-১৯ সালের সম্পূর্ণ শিক্ষাবর্ষ পড়াশুনা করবে। সরকার অথবা সরকারের পক্ষে স্বীকৃত প্রাপ্ত অন্য কোনো সংস্থার দ্বারা ঘোষিত বিদ্যালয় আনুমোদিত হিসাবে বিবেচিত হবে। সর্বশিক্ষা অভিযানের অধীনে থাকা বিদ্যালয় সরকার অথবা সরকারের স্বীকৃত সংস্থার দ্বারা সাহায্য প্রাপ্ত হতে হবে। **NIOS** এর অধীনে থাকা **'B'**প্রশংসা পত্র পাওয়া ছাত্রদের বিদ্যালয় NIOS এর অনুমোদিত হতে হবে। প্রার্থীকে ২০১৮-২০১৯ সালে পঞ্চম শ্রেণী উত্তীর্ণ হতে হবে। ২০১৯-২০ সালের শিক্ষাবর্ষে জওহর নবোদয় বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণীতে ভর্তির জন্য এই শর্ত অবশ্যই পালন করতে হবে।

ঘ) গ্রামীণ এলাকার জন্য প্রার্থীকে প্রচলিত প্রথার গ্রামাঞ্চলে অবস্থিত সরকারী /সরকারী সাহায্য প্রাপ্ত বা স্বীকৃত বিদ্যালয়ে থেকে নিরবিচ্ছিন্ন ভাবে পড়াশুনো করে তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণী পাশ করতে হবে এবং প্রতিটি শ্রেণীতে সম্পূর্ণ শিক্ষা বর্ষে পাঠ গ্রহণ করতে হবে।

ঙ) ৩০ শে সেপ্টম্বর ২০১৮ সালের পূর্বে সর্বশিক্ষা অভিযান এর অধীনে পঞ্চম শ্রেণী উত্তীণ অথবা জাতীয় মুক্ত বিদ্যালয় প্রতিষ্ঠানের অধীনে **'B'** প্রশংসা পত্র প্রাপ্ত প্রার্থীরা নির্ধারিত বয়স সীমার মধ্যে হলে নির্বাচন পরীক্ষায় বসতে পারবে। উক্ত প্রার্থীদের আবেদন পত্র জেলা শিক্ষা আধিকারিক অথবা DIOS দ্বারা সাব্যস্ত করা হবে। সর্বশিক্ষা অভিযান /জাতীয় মুক্ত বিদ্যালয় প্রতিষ্ঠানের প্রমাণিত কেন্দ্র / প্রতিষ্ঠান থেকে আগত প্রার্থীদের যোগ্যতা উক্ত জেলার তহসিলদার / জেলা শাসক দ্বারা শংসাপত্র (যেখানে লেখা থাকবে - প্রার্থী গ্রামীণ এলাকার ৩ বছর ধরে বসবাস করছে) - এর ভিত্তিতে বিবেচনা করা হবে। উপরোক্ত পরিকল্পনার অধীনে থাকা বা বিজ্ঞাপিত এলাকার প্রার্থীরা গ্রামীণ এলাকার জন্য বিবেচিত হবে না ।

চ) জেলা বিভাজনের ক্ষেত্রে স্কুল না থাকা খন্ডের ছাত্ররা নতুন জেলায় স্কুল না হওয়া পর্যন্ত অবিভক্ত জওহর নবোদয় বিদ্যালয়ে তে ভর্তির সুযোগ পাবে।

ছ) ২০১৮ সনের ১৫ ই সেপ্টম্বরের আগে যদি কেউ পঞ্চম শ্রেণী ভর্তি না হয় তাহলে সে আবেদন করতে পারবে না ।

জ) কোনো অবস্থাতেই কোনো প্রার্থী দ্বিতীয় বার নির্বাচন পরীক্ষা দিতে পারবে না ।

গ্রামীণ প্রার্থীদের জন্য ঃ-

(ক) শতকরা ৭৫ ভাগ আসন গ্রামীণ এলাকার ছেলে-মেয়েদের দ্বারা পূরণ করা হবে। বাকী আসন থাকবে জেলার শহরাঞ্চলের প্রার্থীদের জন্য।

(খ) গ্রামীণ এলাকার প্রর্থীকে গ্রামীণ এলাকার স্বীকৃত বিদ্যালয় থেকে নিরবিচ্ছিন্নভাবে পড়াশুনা করে তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণীর পরীক্ষায় পাশ করতে হবে।পঞ্চম শ্রেণিতে পাঠরত প্রার্থীকে পুরো শিক্ষাবর্ষ একই জেলায় পড়তে হবে।

(গ) সর্বশিক্ষা আভিযান এবং জাতীয় মুক্ত বিদ্যালয় প্রতিষ্ঠান-এর পরিকল্পনার অধীনে থাকা প্রার্থীদের জেলাশাসক/তহসিলদার/ বি.ডি.ও. থেকে গ্রামীণ মর্যাদা প্রমাণপত্র দাখিল করতে হবে।

শহর এলাকার প্রার্থীদের জন্য ঃ-

কোন প্রার্থী যদি শহর এলাকাস্থিত কোনো বিদ্যালয়ের তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণীতে একদিনের জন্যও পড়াশুনা করে তাহলেও সে শহরাঞ্চলের হিসাবে বিবেচিত হবে। ২০১১ সালের জনগণনা বা সরকারি বিঞ্জাপন দ্বারা শহর হিসাবে ঘোষিত এলাকা সমূহ শহরাঞ্চল হিসাবে বিবেচিত হবে। অন্যসমস্ত অঞ্চলকে গ্রামীণ বলে ধরা হবে।

***অন্য লিঙ্গের প্রার্থীর জন্য ঃ-**

অন্য লিঙ্গের (Transgender) প্রার্থীদের জন্য আলাদা কোন সংরক্ষণ নেই। ছেলেদের জন্য শহর, গ্রামীণ, তপশীলি, জাতি, উপজাতির যে সংরক্ষণ আছে তার মধ্যেই এই সকল প্রার্থী অর্ন্তভুক্ত হবে।

সংরক্ষিত আসন* ঃ-

(ক) কমপক্ষে শতকরা ৭৫ ভাগ আসন গ্রামীণ এলাকার ছেলে-মেয়েদের দ্বারা পূরণ করা হবে। বাকী আসন থাকবে জেলার শহরাঞ্চলের প্রার্থীদের জন্য।

(খ) তপশীলি জাতি ও উপজাতির জন্য জেলার জনসংখ্যা আনুসারে আসন সংরক্ষিত, তবে তা সংরক্ষণের জাতীয় গড়ের (১৫% তপঃ জাঃ এবং ৭.৫% তপঃ উপঃ জাঃ) কম হবে না এবং তা উভয় সম্প্রদায় মিলে ৫০% পর্যন্ত হতে পারে। এই সংরক্ষণ সম্প্রদায়গুলির মধ্যে আন্ত-পরিবর্তনীয় এবং তা অসংরক্ষিত আসনে উত্তীর্ণ হওয়া প্রার্থীকে ব্যতিরেকে।

(গ) মোট আসনের এক তৃতীয়াংশ মেয়েদের জন্য।

(ঘ) প্রতিবন্ধী শিশুদের জন্য ৩% আসন সংরক্ষণের ব্যবস্থা আছে।

**(শারীরিক, দৃষ্টিহীন, বধির)

**নিম্নলিখিত কোন একটি হলে ব্যক্তি দৃষ্টিহীন বলে গণ্য হবে।

(১)সম্পূর্ণ দৃষ্টিহীন হলে।(২)শুদ্ধীকৃত লেন্সের সঙ্গে অপেক্ষাকৃত ভালো চোখের দৃষ্টি ৬/৬০ (visual aquity) আথবা ২০/২০০(snellen)(৩)২০ ডিগ্রী কোণের সঙ্গে দৃষ্টির সীমাবদ্ধতা।

**বধির মানে অপেক্ষাকৃত ভালো কানে কথাবার্তা বলা দুরত্বে ৬০ ডেসিবল অথবা তার বেশী তরঙ্গধ্বনী শুনতে না পাওয়া।

**অঙ্গসঞ্চালন বিকলাঙ্গতা মানে হাড়ের জোড় অথবা মাংসপেশীর জন্য অঙ্গপ্রত্যঙ্গের নাড়াচাড়া বাধাপ্রাপ্ত হওয়া অথবা যে কোন ধরনের সেরিব্রাল পালসি্।

**মেডিকেল বোর্ড দ্বারা ধার্য কমপক্ষে চল্লিশ শতাংশ অক্ষমতা যুক্ত ব্যক্তি প্রতিবন্ধী হিসাবে বিবেচিত হবে।

নির্বাচন পরবর্তী প্রমাণ পত্র দাখিল :-

যে সকল প্রার্থী নির্বাচনী পরীক্ষায় উত্তীণ হবে তাদের অভিভাবকদের নিম্মোক্ত প্রমাণ পত্র ভর্তির সময় জমা দিতে হবে :

১) আবাসিক প্রমাণপত্র নির্দিষ্ট বয়ানে ।

২) জন্ম তারিখের প্রমাণপত্র । যদি জন্ম তারিখ নিয়ে কোনো সন্দেহ হয় তবে মেডিকেল বোর্ড গঠন হতে পারে । সেক্ষেত্রে মেডিকল বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে ধার্য হবে ।

৩) নবোদয় বিদ্যালয় সমিতি দ্বারা নির্ধারিত প্রার্থীর যোগ্যতার অন্যান্য প্রমাণ পত্র ।

৪) গ্রামীণ এলাকার প্রার্থীদের ভর্তির সময় অভিভাবককে প্রার্থী যে প্রতিষ্ঠানে পাঠরত এবং যে স্থানে বসবাস করে উভয়ই গ্রামীণ মর্মে প্রমাণপত্র জমা দিতে হবে ।

৫) এছাড়া বিদ্যালয়ের নির্দেশমত, অন্যান্য প্রমাণপত্র ।

নির্বাচন পরীক্ষা সম্বন্ধীয় ঃ

১. পরীক্ষা কেন্দ্র ঃ

নির্বাচন পরীক্ষা প্রার্থীদের প্রবেশ পত্রে উল্লিখিত কেন্দ্রেই দিতে হবে। কোনও অবস্থাতেই কেন্দ্রের পরির্বতন করা হবে না। প্রবেশ পত্র ছাড়া কোন প্রার্থী পরীক্ষা দিতে পারবে না। প্রবেশ পত্র পাওয়া যাবে প্রদত্ত ওয়েবসাইটে www.navodaya.gov.in।

২. পরীক্ষার মাধ্যম ঃ

রাজ্য ভিত্তিক পরীক্ষার ভাষার নিম্নরূপ ঃ-

অন্ধ্রপ্রদেশ	হিন্দী, ইংরাজী, তেলেগু, মারাঠি, উর্দু, ওড়িয়া, কন্নড়।
আসাম	ইংরাজি,হিন্দী,অসমীয়া,বড়ো,গারো,বাংলা,মণিপুরি(বাংলা হরফ),মণিপুরি(মিতেই মায়েক)।
অরুণাচল প্রদেশ	হিন্দী, ইংরাজি।
আন্দমান ও নিকোবার দ্বীপপুঞ্জ	হিন্দী, ইংরাজি, তামিল, উর্দু, বাংলা।
বিহার	ইংরাজি, হিন্দী, উর্দু।
চন্ডীগড়	ইংরাজি, হিন্দী, পাঞ্জাবী ।
ছত্তিশগড়	ইংরাজি, হিন্দী।
দিল্লী	ইংরাজি, হিন্দী।
দমন ও দিউ	ইংরাজি, হিন্দী, গুজরাটি।
দাদর ও নগর হাবেলী	ইংরাজি, হিন্দী, গুজরাটি, মারাঠি।
গোয়া	ইংরাজি, হিন্দী, মারাঠি, কন্নড়।
গুজরাট	ইংরাজি, হিন্দী, গুজরাটি, মারাঠি।
হরিয়ানা	ইংরাজি, হিন্দী।
হিমাচল প্রদেশ	ইংরাজি, হিন্দী।
জম্মু ও কাশ্মীর	ইংরাজি, হিন্দী, উর্দু।
ঝাড়খন্ড	ইংরাজি, হিন্দী, উর্দু, ওড়িয়া।
লাক্ষাদ্বীপ	ইংরাজি, হিন্দী, মালায়ালাম।
মধ্যপ্রদেশ	ইংরাজি, হিন্দী, উর্দু, মারাঠি, গুজরাটি।
কর্ণাটক	ইংরাজি, হিন্দী, কন্নড়, মারাঠি, উর্দু, তেলেগু, মালায়ালাম, তামিল।
কেরালা	ইংরাজি, হিন্দী, মালায়ালাম, তামিল, কন্নড়।
মহারাষ্ট্র	ইংরাজি, হিন্দী, কন্নড়, মারাঠি, উর্দু, তেলেগু, গুজরাটি।
মণিপুর	ইংরাজি, হিন্দী, মণিপুরি (মিতাই মেয়াক)।
মেঘালয়	ইংরাজি, হিন্দী, খাসি, গারো, বাংলা, অসমীয়া।
মিজোরাম	ইংরাজি, হিন্দী, মিজো।
নাগাল্যান্ড	ইংরাজি, হিন্দী।
ওড়িষ্যা	ইংরাজি, হিন্দী, তেলেগু, ওড়িয়া, উর্দু।
পাঞ্জাব	ইংরাজি, হিন্দী, পাঞ্জাবী ।
পন্ডিচেরী	ইংরাজি, হিন্দী, তামিল, তেলেগু, মালায়ালাম।
রাজস্থান	ইংরাজি, হিন্দী।
সিকিম	ইংরাজি, হিন্দী, নেপালি।
ত্রিপুরা	ইংরাজি, হিন্দী, বাংলা।
উত্তর প্রদেশ	ইংরাজি, হিন্দী, উর্দু।
উত্তরাখন্ড	ইংরাজি, হিন্দী, উর্দু।
পশ্চিমবঙ্গ	ইংরাজি, হিন্দী, বাংলা, নেপালি, উর্দু।
তেলেঙ্গানা	ইংরাজি, হিন্দী, কন্নড়, মারাঠি, উর্দু, তেলেগু।

পরীক্ষার্থী যে ভাষায় পরীক্ষা দেবে বলে উল্লেখ করবে, তাকে সেই ভাষারই প্রশ্নপুস্তিকা দেওয়া হবে।

৩. নির্বাচন পরীক্ষার প্রশ্ন পত্রের গঠন, সময় ইত্যাদি ঃ

নির্বাচন পরীক্ষার সময় দুই ঘন্টা,সকাল ১১:৩০ থেকে বেলা ০১:৩০ পর্যন্ত এবং প্রশ্ন পত্রে তিনটি অনুবিভাগ (section) থাকবে। প্রশ্নসমূহ বিষয়মুখ (Objective) ধারায় হবে। মোট প্রশ্ন থাকবে ৮০টি, পূর্ণ মান ১০০। প্রশ্নপত্র পাঠের জন্য অতিরিক্ত ১৫মিনিট দেওয়া হবে। পরীক্ষাকেন্দ্রে ৬ই এপ্রিল ২০১৯ সকাল ১১টার মধ্যে প্রবেশ করতে হবে।

অনুবিভাগ	প্রশ্নের সংখ্যা	নম্বর	সময়
মানসিক যোগ্যতা পরীক্ষা	৪০	৫০	৬০ মিনিট
গণিত পরীক্ষা	২০	২৫	৩০ মিনিট
ভাষা পরীক্ষা	২০	২৫	৩০ মিনিট
মোট	৮০	১০০	২ ঘন্টা

প্রত্যেক পরীক্ষার্থীকে কেবল একটি প্রশ্নপুস্তিকাই দেওয়া হবে (যার মধ্যে তিনটি অনুবিভাগ থাকবে।) শারীরিক প্রতিবন্ধীদের জন্য অতিরিক্ত ৩০ মিনিট দেওয়া হবে।

৪. **উত্তর করার পদ্ধতি ঃ**

ক) আলাদা ভাবে উত্তর পুস্তিকা দেওয়া হবে। প্রার্থীকে তার নির্বাচিত উত্তরের ক্রমিক সংখ্যাটি উত্তর পত্রে নির্দিষ্ট জায়গায় বসাতে হবে। এই উত্তর পুস্তিকা হবে বৌদ্ধিক শক্তি জানা (intelligence character recognition) /দৃষ্টি শক্তি জানার (optical character recognition) জন্য। উত্তর পত্রের নমুনা নির্দেশোবলীর সঙ্গে যুক্ত করা আছে।

খ) শুধু নীল /কালো বল পয়েন্ট কলম (ball point pen) উত্তরপত্রে লেখা যাবে। পরীক্ষার্থীকে নিজস্ব কলম অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে। পেনসিলের ব্যবহার একেবারেই নিষিদ্ধ।

গ) প্রত্যেক প্রশ্নের সঙ্গে ৪টি সম্ভাব্য উত্তর দেওয়া থাকবে, যার মধ্যে একটি সঠিক হবে। পরীক্ষার্থীকে তার নির্বাচিত উত্তরটির জায়গাটি কালো অথবা নীল কালিতে পুর্ন করতে হবে। উদাহরণ স্বরুপ 37 এর জন্য যদি C নম্বর উত্তরটি সঠিক হয় তবে এভাবে C তে দাগ দিতে হবে।

37

ঘ) একবার লিখিত উত্তর পরিবর্তন করা যাবে না। উত্তর পুস্তিকায় কেটে **লেখা**, কাটা এবং মোছা বর্জনীয়।

ঙ) শুধু প্রশ্নের সঠিক উত্তর একবারই চিহ্নিত করা যাবে।

চ) ভুল উত্তরের জন্য নম্বর কাটা হবে না।

৪. **নির্দেশ ও উদাহরণ ঃ**

ক) প্রশ্নের উত্তর করার আগে পরীক্ষার্থী যেন অবশ্যই পরীক্ষা পুস্তিকার প্রথম পৃষ্ঠার নির্দেশাবলী তথা পরীক্ষার ভিন্ন-ভিন্ন বিষয়ের উপর দেওয়া নির্দেশ ইত্যাদি ভালো করে পড়ে নেয়। আবেদন পত্রে নিজে উল্লিখিত ভাষার প্রশ্নপুস্তিকা সংগ্রহ করা প্রার্থীদের নিজের দায়িত্ব। যদি উল্লিখিত ভাষায় প্রশ্নপত্র না পায় তবে তা জানাতে হবে সংশ্লিষ্ট কৃর্তপক্ষকে, বদলে দেওয়ার জন্য। পরীক্ষা হয়ে গেলে এ বিষয়ে কোনো অভিযোগ শোনা হবে না।

খ) মোট সময় একটানা দু ঘন্টা। কোন বিরতি থাকবে না। প্রতিবন্ধীরা অতিরিক্ত ৩০ মিনিট সময় পাবে।

গ) প্রতিটি পরীক্ষার বিষয়ে আলাদা আলাদা ভাবে করতে হবে। যে কোনও একটি অংশের জন্য তাই খুব বেশী সময় ব্যয় করা উচিত হবে না। পুরো সময়টাকে অবশ্য নিজের সুবিধামত ভাগ করে নেওয়াতে কোন বাধা নেই।

ঘ) ১) প্রবেশ পত্র ছাড়া কোন প্রার্থীকে পরীক্ষায় বসতে দেওয়া হবে না।
২) পরীক্ষা হলে ১১টার মধ্যে প্রবেশ করতে হবে। দেরিতে আসা প্রার্থীকে হলে ঢুকতে দেওয়া হবে না।
৩) প্রতি ৩০ মিনিট অন্তর একবার ঘন্টা বাজানো হবে।
৪) পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থী হল থেকে বাইরে যেতে পারবে না।

৫. **নির্বাচন পরীক্ষার ধরণ ঃ**

প্রথম আনুবিভাগ - মানসিক যোগ্যতা পরীক্ষা (MAT)।

এই পরীক্ষাতে কোনো শব্দের প্রয়োগ নেই। প্রশ্ন হবে সংখ্যা রেখাচিত্রের মাধ্যমে। এই পরীক্ষার উদ্দেশ্য হলো প্রার্থীর সহজাত মানসিক যোগ্যতাকে যাচাই করা। প্রশ্নপত্রের এই বিভাগটি আবার দশ শাখাতে ভাগ করা হয়েছে। প্রতিটি শাখাতে ৫টি প্রশ্ন থাকবে। নীচে কয়েকটি উদাহরণ দেওয়া হলো ঃ-

প্রশ্ন নমুনা নং ১ (ODD – MAN OUT)

নির্দেশ ঃ ১ থেকে ৪ নং প্রশ্ন পর্যন্ত উদাহরণে চারটি A,B,C,D চিত্র দেওয়া থাকবে। চারটি চিত্রের তিনটি চিত্র কোন না কোন ভাবে একই রকমের, কিন্তু একটি চিত্র আলাদা ধরনের। পুস্তিকায় তার ক্রমিক সংখ্যাটি লিখতে হবে।

১ নং উদাহরণ -



A উত্তরটি সঠিক।

প্রশ্ন নমুনা নং -২ (FIGURE MATCHING)

নির্দেশ ঃ ৫-৮ নং এর ক্ষেত্রে উদাহরণে A,B,C,D নম্বর চিত্রগুলির একটি বাঁদিকে আঁকা সমস্যা চিত্রের হুবহু রূপ।

২ নং উদাহরণ -



C এর উত্তর চিত্র সমস্যা চিত্রের অনুরূপ তাই এই চিত্রটি সঠিক উত্তর।

প্রশ্ন নমুনা নং -৩ (PATTERN COMPLETION)

নির্দেশ ঃ ৯-১২ নং এর ক্ষেত্রে সরল রেখার বাঁদিকে সমস্যা চিত্র রয়েছে। চিত্রটির একটি অংশ নেই। ডানদিকের A,B,C,D উত্তর উত্তর চিত্রগুলির সেটি বেছে নেবে যা নাকি সমস্যা চিত্রের নক্সার শূণ্য অংশের সাথে সম্পূর্ণভাবে খাপ খেয়ে যাবে, কোন রকম দিক পরিবর্তন না করে।

৩ নং উদাহরণ -



A উত্তরটি সঠিক।

প্রশ্ন নমুনা নং -৪ (FIGURE SERIES COMPLETION)

নির্দেশ ঃ১৩-১৬ নং এর ক্ষেত্রে উদাহরণে তিনটি সমস্যা চিত্র আঁকা রয়েছে। ৪ নং এর জায়গাটি খালি রাখা হয়েছে। সমস্যা চিত্রগুলি পর্যায়ক্রমে দেওয়া আছে। উত্তর চিত্রগুলি থেকে সেইটি বেছে নিতে হবে। যা নাকি সমস্যা চিত্রে শূণ্য স্থানটি পূর্ণ করতে পারে।

৪ নং উদাহরণ -



C উত্তরটি সঠিক।

প্রশ্ন নমুনা নং -৫ (ANALOGY)

নির্দেশ ঃ১৭-২০ নং এর ক্ষেত্রে তিনটি সমস্যা চিত্রের পরের ঘরে রয়েছে একটি প্রশ্ন চিহ্ন। প্রথম এবং দ্বিতীয় সমস্যা চিত্রের মধ্যে একটি সম্বন্ধ আছে, যেমন থাকা উচিত তৃতীয় ও চতুর্থ সমস্যা চিত্রের মধ্যেও। প্রশ্ন চিত্রের ঘরে যেতে পারে এমন চিত্রটি চয়ন করতে হবে চারটি উত্তর চিত্র থেকে।

৫ নং উদাহরণ -

A উত্তরটি সঠিক।

প্রশ্ন নমুনা নং -৬ (GEOMETRICAL FIGURE COMPLETION (TRIANGLE,SQUARE,CIRCLE)

নির্দেশ ঃ২১-২৪ নং এর ক্ষেত্রে একটি চৌকোনের একটি অংশ রেখার বাঁদিকে রয়েছে বাকি অংশটি রয়েছে চারটি A,B,C,D উত্তর চিত্রের মধ্যে একটিতে। ডান দিকের চিত্রগুলির থেকে সঠিক অংশটি বের করে চৌকোনটি সম্পূর্ণ করতে হবে।

৬ নং উদাহরণ -



A উত্তরটি সঠিক। A B C D

প্রশ্ন নমুনা নং -৭ (MIRROR IMAGING)

নির্দেশ ঃ২৫-২৮ নং এর ক্ষেত্রে বাঁদিকে একটি সমস্যা চিত্র দেওয়া আছে। ডানদিকে A,B,C,D এই চারটি উত্তর দেওয়া আছে। এগুলির মধ্যে যেই উত্তরটি সঠিক সেটি আয়নায় সোজা দেখাবে।

৭ নং উদাহরণ -



D উত্তরটি সঠিক।

প্রশ্ন নমুনা নং -৮ (PUNCHED HOLD PATTERN-FOLDING/UNFOLDING)

নির্দেশ ঃ ২৯-৩২ নং প্রশ্নে একটুকরো কাগজ ভাঁজ করে সমস্যা দেখানো হয়েছে বাম দিকে এবং ডানদিকে A,B,C,D টি উত্তর চিত্র দেওয়া হয়েছে। সঠিক উত্তরটি লিখে দেখাও কাগজ টি খুললে কেমন দেখাবে।



A উত্তরটি সঠিক।

প্রশ্ন নমুনা নং -৯ (SPACE VISUALISATION)

নির্দেশ ঃ ৩৩-৩৬ নং প্রশ্নে একটি সমস্যা চিত্র বাম দিকে দেওয়া আছে এবং ডানদিকে A,BC,D উত্তর চিত্র দেওয়া আছে। সঠিক উত্তরটি লেখ যাতে দেখান যাবে টুকরোটির সাহায্যে কোন চিত্রটি তৈরী হবে।



A B C D

D উত্তরটি সঠিক।

প্রশ্ন নমুনা নং -১০ (EMBEDDED FIGURE)

নির্দেশ ঃ ৩৭-৪০ নং প্রশ্নে একটি সমস্যা চিত্র বাম দিকে দেওয়া আছে এবং ডানদিকে A,B,C,D টি উত্তর চিত্র দেওয়া আছে। সঠিক উত্তরটি নির্বাচন করো যাতে সমস্যাটি লুকিয়ে আছে।



B উত্তরটি সঠিক।

অনুবিভাগ-২ (গণিত অংশের পরীক্ষা)

এই পরীক্ষার মূল উদ্দেশ্য হলো প্রার্থীর এই বিষয়ে প্রাথমিক যোগ্যতা যাচাই। মোট ২৫ টি প্রশ্নই হবে নীচে দেওয়া বিষয় ১৫ টি বিষয়ের উপর

১) সংখ্যা ও সংখ্যারীতি (Numeric system)
২) পূর্ণ সংখ্যার উপর চারটি মৌল ক্রিয়া প্রণালী।
৩) ভগ্ন (Fractional) সংখ্যার উপর নির্ভর চারটি মূল ক্রিয়া প্রণালী।
৪) গুনক, গুনিতক ও তাদের ধর্ম (Properties)
৫) ল.সা.গু. ও গ.সা.গু.
৬) দশমিক ও তার উপর নির্ভর মূল ক্রিয়া প্রণালী।
৭) ভগ্নাংশ দশমিক ও দশমিক থেকে ভগ্নাংশে পরির্বতন।
৮) দৈর্ঘ, ভর (Mass), ধারকত্ব (Capacity), সময় ইত্যাদির মাপনে সংখ্যার প্রয়োগ।
৯) দূরত্ব, সময় ও গতি।
১০) রাশিমালার আসন্ন মান।
১১) সংখ্যাসূচক রাশির সরলীকরণ।
১২) শতকরা হার ও তার প্রয়োগ।
১৩) লাভ ক্ষতি।
১৪) সরল সুদ।
১৫) পরিসীমা, ক্ষেত্রফল ও ঘনফল।

মন্তব্য ঃ প্রশ্নতে জোর দেওয়া হবে বিষয় বস্তু সঠিক ভাবে বোঝা এবং তাতে প্রার্থীর পটুতার উপর। পরীক্ষার্থীর সাহায্যের জন্য অংকের প্রশ্ন কেমন হতে পারে তার কিছু নমুনা দেওয়া হলো।

১ নং উদাহরণ (বিষয় বোঝার উপর গুরুত্ব দিয়ে)

১০০০ এর মৌলিক গুনিতক নির্ণয় (Prime factorisation) কি ?

A) ১০*১০*১০ B)২*৫*৫*১০ C)২*২*২*৫*৫ D)২*২*২*৫*৫*৫

একটি সংখ্যার গুনক নির্ণয় তখনই মৌলিক গুনক নির্ণয় হয় যদি (১) উৎপাদকের গুণফল (প্রতিবার উৎপাদককে ধরে নিয়ে) দেওয়া সংখ্যার সমান হবে (২) প্রতিটি উৎপাদকই গুনক নির্ণয় সংখ্যা হয়। D উত্তরটিরই উপরোক্ত চাহিদা মেটায় তাই সেটি প্রশ্নের উত্তর।

২ নং উদাহরণ (বিষয় বোঝার উপর)

প্রথম চারটি বিজোড় সংখ্যার গড় কী?

A)২.৫ B)৪ C)৫ D)১৬

প্রথম চারটি বিজোড় সংখ্যা হলো ১,৩,৫,৭ এবং তাদের গড় হলো ১+৩+৫+৭/৪=৪। B উত্তরটি শুদ্ধ।

৩ নং উদাহরণ (বিষয় প্রয়োগের উপর গুরুত্ব দিয়ে)

১ কিলোমিটার লম্বা একটি মালবাহী রেল গাড়ি প্রতি ৩ মিনিটে ১ কিলোমিটার গতিতে চলছে। ২ কিলোমিটার লম্বা একটি সুরঙ্গ পথ পার হতে তার কত সময় লাগবে -----

A) ১মিনিট B)৩মিনিট C)৬ মিনিট D)৯মিনিট

সুরঙ্গটি ২ কিলোমিটার আর রেলগাড়ি ১ কিলোমিটা। পথটুকু পার হতে রেলগাড়িটিকে মোট ৩ কিলোমিটার পথ অতিক্রম করতে হবে। ৩ মিনিটে ১ কিলোমিটার গতিতে ৩ কিলোমিটার পার হতে গাড়িটির সময় লাগবে ৯মিনিট।সুতরাং D উত্তরটি সঠিক।

অনুবিভাগ -৩

ভাষার উপর পরীক্ষা ঃ-

এই পরীক্ষার মূখ্য উদ্দেশ্য হলো পরীক্ষার্থী কিছু পড়ে কতটা বুঝতে পারে তা যাচাই করা। পরীক্ষাতে তিনটি রচনাংশ থাকবে এবং প্রত্যেকটির উপর পাঁচটি করে প্রশ্ন দেওয়া হবে। প্রতিটি রচনাংশ ভালো করে পড়ে নিয়ে উত্তর দিতে হবে। এছাড়াও দশটি প্রশ্ন থাকবে ব্যাকরণ ও লেখার দক্ষতার উপর।

নীচে একটি নমুনা প্রশ্ন দেওয়া হলো:

রচনাংশ ঃ অরণ্য আমাদের কাছে বিভিন্ন ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ। তারা আমাদের কাঠ দেয় বাড়ি তৈরী করতে এবং আসবাবপত্র তৈরী করতে।অরণ্য আমাদের কাঠ দেয় জ্বালানীর জন্য এবং কাগজ তৈরীর প্রয়োজনে। অরণ্য পশু, পাখি কীটপতঙ্গদের আশ্রয় দেয়। অরণ্য বৃষ্টি আনে। অরণ্য আমাদের বাস্তুতন্ত্র রক্ষার ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ। নিজেদের মধ্যে কোন বিবাদ না করে আমাদের উচিত বাস্তুতন্ত্রকে রক্ষা করা। মানুষকে সুন্দর ভাবে বাঁচতে গেলে প্রকৃতি এবং তার উপাদানকে সঠিক ভাবে ব্যবহার করতে হবে।

১) বাস্তুতন্ত্রকে রক্ষা করতে হলে..........................এর অস্তিত্ব গুরুত্বপূর্ণ

A) অরণ্য B) বন্যপ্রাণী
C) মানুষ D) সম্পদ।

সঠিক উত্তর A

২) সংরক্ষণের বিপরীত শব্দ

Al) রক্ষা B) গঠন
C) আশ্রয় D) ধ্বংস।

সঠিক উত্তর D

৩) নিচের কোনটি জ্ঞানীর সমার্থক শব্দ

A) বুদ্ধিমান B) চালাক
C) অভিজ্ঞ D) ভাঁড়।

সঠিক উত্তর A

৪) ছুতোর অরণ্যের উপর নির্ভর করে থাকে কারণ

A) কাঠ জ্বালানীর কাজে লাগে। B) কাঠ আসবাবপত্র তৈরী করতে প্রয়োজন।
C) কাঠ কাগজ তৈরীর জন্য প্রয়োজন। D) বন্যপ্রানীদের বাড়ির জন্য প্রয়োজন।

সঠিক উত্তর B

৫) বন্যপ্রানীরা গৃহহীন হয়ে পড়বে যদি--

A) কাগজ কারখানা ধ্বংস হয়ে যায়। B) অরণ্য ধ্বংস হয়ে যায়।
C) বাড়ি তৈরী করা হয় । D) বাস্তুতন্ত্র রক্ষা হয়।

সঠিক উত্তর B

=== l kLfkb:Jএ আবেদন পত্র পুরণ করার ব্যাপারে কয়েকটি গুরুত্বপূর্ণ পরামর্শ

জওহর নবোদয় বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণীতে ভর্তি হওয়ার আবেদন পত্র নিজে নিজেই পুরণ করতে পারবে। তথাপি ছাত্র-ছাত্রী ও তাদের পিতা - মাতা / অভিভাবক নীচে দেওয়া কথাগুলি জেনে রাখলে কাজের সুবিধা হবে ।

১) আবেদন পত্র ও নির্দেশাবলীর পুস্তিকা (PROSPECTUS) ভালো করে পড়ুন। জন্ম তারিখ, কোন কোন বিদ্যালয়ে তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণীতে প্রার্থী পড়ছে তার পুরো তথ্য দিন যাতে সহজেই আবেদনকারী প্রার্থীর ভর্তির যোগ্যতা বিচার করা যায়। জন্ম তারিখ ০১-০৫-২০০৬ থেকে ৩০-০৪-২০১০ ভিতরে হতে হবে।
(সর্বশিক্ষা অভিযান / NIOS এর অধীন সরকারী /সরকারী সাহায্য প্রাপ্ত / স্বীকৃত / অনুমোদিত প্রতিষ্ঠান / কেন্দ্র থেকে তৃতীয় , চতুর্থ ও পঞ্চম শ্রেণী উত্তীর্ণ হতে হবে।)

২) সাধারণ ,তফশীলি জাতি / উপজাতি , অন্যান্য অনগ্রসর শ্রেণী ও প্রতিবন্ধীর জন্য শ্রেণী অনুযায়ী নির্দিষ্ট ঘরে টিক দিতে হবে। নির্বাচনের সময় যদি দেখা যায় যে প্রার্থী তফশীলি জাতি / উপজাতি না হওয়া সত্ত্বেও উক্ত শ্রেণীতে টিক করা হয়েছে তবে প্রার্থীর নির্বাচন অগ্রাহ্য করা হবে ।

৩)

ক) আবেদন পত্রে বিদ্যালয়ে নথিভুক্ত প্রার্থীর সঠিক জন্ম তারিখ দিন । পরে কোনো সময়ে বিদ্যালয়ে দেওয়া জন্ম তারিখের সাথে নবোদয়ে দেওয়া জন্ম তারিখের অমিল পাওয়া গেলে, প্রার্থীর আবেদন অগ্রাহ্য হবে ।

খ) বিশেষ পরিচায়ক চিহ্ন সঠিক ভাবে লিখতে হবে আবেদন পত্রে ।

৪) বিবরণীতে দেওয়া সমস্ত নিয়মাবলী, শর্ত ইত্যাদি ভালো করে পড়ে এবং বুঝে প্রার্থী তার পিতা / মাতা / অভিভাবক সব স্বাক্ষরের জায়গাগুলিতে স্বাক্ষর করবেন এবং তা UPLOAD করবেন ।

৫) ONLINE – এ আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ **৩০ শে নভেম্বর ২০১৮** ।

সর্তকতা :

আবেদন পত্রে দেওয়া তথ্যাদী অসম্পূর্ণ থাকলে অথবা ভর্তি করার কোনোও অংশ ছেড়ে দিলে আবেদন পত্র বাতিল হয়ে যাবে। শিক্ষা, বয়স, জাতি, শ্রেণীর তথ্য, বিদ্যালয়ের অবস্থিতি ইত্যাদী প্রসঙ্গে চাওয়া সব তথ্য নির্ভুল দিতে হবে । মূল আবেদন পত্রে দেওয়া তথ্য পরে ভুল বা মিথ্যে বলে ধরা পড়লে , ভর্তির জন্য নির্বাচিত হলেও প্রার্থীত্ব বাতিল হতে পারে। সমস্ত বিষয়ে নবোদয় বিদ্যালয় সমিতির সিদ্ধান্ত চূড়ান্ত এবং তা মানতে বাধ্য থাকবে। এই বিষয়ে কোনো ধরণের যোগাযোগ করা যাবে না। নিবাচনের পরবর্তীকালে শংসাপত্র / ঘোষণা / তথ্য মিথ্যে প্রমাণিত হলে প্রার্থীত্ব অগ্রাহ্য করা ছাড়াও সমিতি সংরক্ষিত আইন বলে প্রার্থীর বিদ্যালয়ে বসবাসকালে তার প্রতি সমস্ত খরচ দাবী করতে পারে ।

RESIDENCE CERTIFICATE

(To be furnished by the parent of the qualified children at the time of admission to JNVs)

As per Jwaharlal Navodaya Vidyalaya ……………………… District ……………………………

State …………………… Letter no …………………….. Dated …………………………………..

My ward Mast./ kum ………………..has qualified the entrance exam for admission to class – vi at JNV……………………………. District ………………………… State/UT ……………………

During the session ……………………………...

I am residing alongwith my ward mentioned above at the following address since ………………………...

Village ……………………………………………

Town ……………………………………………..

District ……………………………………......

State ……………………………………………...

Pin Code ………………………………………..

Certified that the information furnished by me in true and no fact has been concealed .

Signature of parent

Place ……………..

Full Name …………………………....

Date ……………..

Address ………………………………

…………………………………..

CERTIFICATE

(To be filled in by the distict Authorities and issued under the signature of SDM / Tehesildar to the parent of the child selected for admission to class – vi in JNVs through JNVST)

This is to certify , that above information furnished by Shri/Smt …………………………………... Father/ Mother of Master / Kum ……………………… a candidate selected for admission to class – vi in JNV …………………… District ……………………….. has been verified from the records and is found to be coorect . The area where his / her residence is located falls under rural/ urban area of District …………………………..

Signature of SDM/Tehesildar

জওহর নবোদয় বিদ্যালয়ের নির্বাচন পরীক্ষা - ২০১৯

প্রমাণ পত্র

পঞ্চম শ্রেণীতে পাঠরত প্রার্থীর ছবি

অনলাইনে আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ - **৩০ শে নভেম্বর ২০১৮**

শ্রী /কুমারী .... (প্রার্থীর নাম) সম্পর্কে নিচের দেওয়া সকল তথ্য সঠিক। বর্তমানে প্রার্থী ....(বিদ্যালয়ের নাম) পঞ্চম শ্রেণীতে পাঠরত এবং সে জওহর নবোদয় বিদ্যালয়ের নির্বাচন পরীক্ষা - ২০১৯ এ আবেদন করতে আগ্রহী।

প্রার্থীর নাম	
বাবার নাম	
মায়ের নাম	
অভিভাবকের নাম (বাবার অবর্তমানে)	

জন্ম তারিখ	দি	ন	মা	স	ব	ৎ	স	র	সংখ্যায় ....

নির্দিষ্ট ঘরে টিক দিন	ছেলে	মেয়ে	অন্য লিঙ্গ

সম্প্রদায় (Category)

সাধারণ (GEN)	তপঃ জাতি (SC)	অপঃউপজাতি (ST)	অন্যান্য অনঃ শ্রেণী(OBC)

প্রতিবন্ধী হলে নির্দিষ্ট ঘরে টিক দিন

শারীরিক	দৃষ্টিহীন	বধির

পরিচায়ক চিহ্ন :

বর্তমান ঠিকানা

মোবাইল নম্বর ....ইমেল ....

জাতি -

ধর্ম -

পরীক্ষার ভাষা -
(পূর্ব পৃষ্ঠায় রাজ্য ভিত্তিক ভাষার তালিকা দেওয়া আছে)

বিবরণ	তৃতীয় শ্রেণী	চতুর্থ শ্রেণী	পঞ্চম শ্রেণী
বিদ্যালয়ের নাম			
সরকার অনুমোদিত/অনুমোদন হীন			
বিদ্যালয়টি গ্রামে / শহরে			
ভর্তির মাস এবং সন			
পাস করার মাস এবং সন			
ব্লকের নাম			
জেলার নাম			
রাজ্যের নাম			

প্রার্থী যদি তৃতীয় ,চতুর্থ ,পঞ্চম শ্রেণীতে এক দিনের জন্যও শহরের বিদ্যালয়ে পড়াশুনো করে তবে সে শহরের প্রার্থী হিসাবে বিবেচিত হবে। উপরের দেওয়া কোনো তথ্য যদি ভুল থাকে তবে নবোদয়ে পাঠরত ছাত্রের বিরুদ্ধে নবোদয় বিদ্যালয় সমিতি কখনো কোনো সিদ্ধান্ত গ্রহণ করলে তা মানতে বাধ্য থাকবো ।

প্রার্থীর স্বাক্ষর	অভিভাবকের স্বাক্ষর

বি: দ্র: প্রার্থী যদি মুক্ত বিদ্যালয়ের হয় তবে সে যে জেলায় বাস করে সেই জেলা থেকেই পরীক্ষা দেবে ।
উপরের সকল তথ্য বিদ্যালয়ের পঞ্জিকা অনুসারে সঠিক এবং নির্ভুল।

প্রধান শিক্ষকের স্বাক্ষর

বিদ্যালয়ের সীল মোহর